



# Bangladesh Supreme Court Bar Association

Dhaka-1000, Phone: +88-02-9559626, 9565545, Fax: +88-02-9570133, E-mail: scba.bd@gmail.com, Web : www.scba.org.bd

Ref : .....

Date : .....

## বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন নির্বাচন ২০২৬-২০২৭

বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতির সংবিধান অনুযায়ী কার্যকরী পরিষদের সভায় মনোনীত নির্বাচন সাব-কমিটি সমিতির আসন্ন নির্বাচনকে সুন্দর ও সফল করার জন্য নিম্নলিখিত বিধি প্রণয়ন করছে।

### বিধিমালা

- ১। The Bangladesh Supreme Court Bar Association Election Rules, 2001 যথাযথ ভাবে অনুসরণ বাধ্যতামূলক।
- ২। নির্বাচন তফসিল ঘোষিত হবার তারিখ থেকে ভোট গ্রহণ সমাপ্ত হওয়া পর্যন্ত কোন প্রার্থী নিজে অথবা তার বন্ধু-বান্ধব এবং সমর্থক কোন প্রকার আপ্যায়ন, খাওয়া-দাওয়া, কোমল পানীয় এর ব্যবস্থা সুপ্রীম কোর্ট প্রাঙ্গনে করতে পারবেন না।
- ৩। বার ভবনের প্রবেশ পথ বা বার ভবনের কোন অংশে প্রার্থী ও অনুমোদিত সদস্য ব্যতিত অন্য কেউ কোন প্রার্থীর পক্ষে ভোট চাইতে পারবেন না।
- ৪। নির্বাচন সাব-কমিটি কর্তৃক অনুষ্ঠিত নির্বাচন পরিচিতি সভা ব্যতিত কোন প্রার্থী নিজে অথবা তার পক্ষে অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতি ভবনসহ সুপ্রীম কোর্ট প্রাঙ্গনে কোন ধরনের সভা করতে পারবেন না।
- ৫। নির্বাচনে প্রতিদ্বন্দ্বি প্রার্থীদের তালিকা চূড়ান্তভাবে ঘোষণার পর অত্র বারের সম্মানিত সদস্য ব্যতিত কোন রাজনৈতিক দলের সদস্য অথবা অন্য কোন ব্যক্তি প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে কোন প্রার্থীর পক্ষে বা বিপক্ষে কোন ধরনের নির্বাচনী প্রচারণায় অংশ গ্রহণ করতে পারবেন না।
- ৬। নির্বাচনে প্রার্থীগণ বা অন্যরা কোন অবস্থাতেই নির্বাচনী প্রচারণাকালে কোন রাজনৈতিক দলের নেতা বা নেত্রীর নাম ব্যবহার ও রাজনৈতিক শ্লোগান সম্বলিত কোন রকম কার্ড বা প্রচারপত্র বিলি করতে পারবেন না।
- ৭। নির্বাচনে কোন রাজনৈতিক বক্তব্য প্রদান করতে পারবেন না।
- ৮। নির্বাচনে ভোট চলাকালীন দুই দিন কোন প্রকার প্রচারণা চালানো যাবে না। কেবল প্রার্থীগণ নির্দিষ্ট আসন থেকে ভোট প্রার্থনা করতে পারবেন।
- ৯। কোন ধরনের প্যানেল, প্রার্থী পরিচিতি ইত্যাদি তৈরী, প্রচার ও বিলি করা যাবে না।
- ১০। নির্বাচন বিধির সংগে সাংঘর্ষিক বা নির্বাচন রীতি-নীতি বহির্ভূত কোন কাজ করা যাবে না।
- ১১। নির্বাচনের দিনসমূহে কোন প্রার্থীর পক্ষে ইচ্ছা করিলে কোন তাবু বা বুথ বা কাউন্টার তৈরী / স্থাপন করিতে পারিবে। তবে তাহার অবস্থান ও পরিমাপ নির্বাচন সাব-কমিটির অনুমোদন মোতাবেক হতে হবে।



# Bangladesh Supreme Court Bar Association

Dhaka-1000, Phone: +88-02-9559626, 9565545, Fax: +88-02-9570133, E-mail: scba.bd@gmail.com, Web : www.scba.org.bd

Ref : .....

Date : .....

## পাতা- ২

- ১২। নির্বাচনে কোন প্রার্থীর পক্ষে প্রতীক / নাম সম্বলিত ক্যাপ ব্যবহার করা যাবে না।
- ১৩। ভোট কেন্দ্রে প্রবেশের পর এবং বুথে ভোট প্রদান কালে কোন ভোটার ভোট সংক্রান্ত ব্যাপারে কোন প্রকার আলাপ-আলোচনা করতে কিংবা কোন কার্ড, প্রচারপত্র, প্রার্থী তালিকা ইত্যাদি বিলি করতে পারবেন না।
- ১৪। ভোট প্রদানের সময় সম্ভাব্য জটিলতা এড়ানোর জন্য বিজ্ঞ ভোটারদের **সমিতির পরিচয়পত্র** প্রদর্শন পূর্বক ব্যালট পেপার সংগ্রহ করতে হবে।
- ১৫। যদি কোন ভোটারের পরিচয় সমন্ধে কারো কোন সন্দেহ বা আপত্তি থাকে তবে তা উক্ত ভোটার ভোট প্রয়োগ করার সময় অথবা পূর্বে নির্বাচন সাব-কমিটিকে অবহিত করতে অনুরোধ করা যাচ্ছে।
- ১৬। যে কোন ধরনের নির্বাচনী বিধি ভঙ্গ করলে **Election Rules, 2001** অনুযায়ী তার বিরুদ্ধে প্রার্থীপদ বাতিলসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিচারপতি মোঃ মফতাহ উদ্দিন চৌধুরী  
সিনিয়র এডভোকেট  
আহ্বায়ক

নির্বাচন সাব-কমিটি ২০২৬-২০২৭  
বাংলাদেশ সুপ্রীমকোর্ট আইনজীবী সমিতি।